ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৮৩৮
আগরতলা, ১২ সেপ্টেম্বর,২০২৫

# প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

গত ৪ সেপ্টেম্বর ২০২৫ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় ‘ছড়ার উপর অসমাপ্ত কালভার্ট নির্মাণের দাবি’ শিরোনামে প্রকাশিত সংবাদটি ডম্বুরনগর আর.ডি. ব্লক কর্তৃপক্ষের নজরে এসেছে। এ বিষয়ে ব্লকের বিডিও এক স্পষ্টিকরণে জানিয়েছেন, সংশ্লিষ্ট বাস্তবায়নকারী সংস্থা জানিয়েছে যে, কালভার্ট নির্মাণ কাজ শেষ হয়েছে এবং কালভার্টের একপাশে মাটি ভরাটের কাজও সম্পন্ন হয়েছে। তবে, একটানা বৃষ্টির কারণে কালভার্টের জন্য পাশে মাটি ভরাটের কাজ এখনও বাকি আছে। একই সাথে কালভার্টের স্ল্যাব ঢালাইয়ের পর ২৫ দিন পর্যন্ত কোনও যানবাহন চলাচল সম্ভব ছিল না। এরমধ্যে একটানা বৃষ্টির ফলে কালভার্টের সাথে সংযুক্ত পি.এম.জি.এস.ওয়াই. (পি.ডব্লিউ.ডি.) রাস্তার অন্যান্য অংশের রিটেইনিং ওয়াল ক্ষতিগ্রস্ত হয়েছে, যার ফলে রাস্তার সংযোগ বিচ্ছিন্ন হয়েছে। বর্তমানে পি.এম.জি.এস.ওয়াই. (পি.ডব্লিউ.ডি.) রাস্তার রক্ষণাবেক্ষণের কাজ চলছে এবং কয়েকদিনের মধ্যে রাস্তাটি সচল হবে।

উল্লেখ্য যে, এই রাস্তাটি মূলত খম্পোই মেলার সময় ব্যবহৃত হয় এবং অন্যান্য যোগাযোগের রাস্তাগুলি ভাগীরথ চৌমুহনি থেকে পুরাতন ভাগীরথ পাড়া পর্যন্ত ব্যবহার করা হচ্ছে, কারণ স্কুল, উপ-স্বাস্থ্যকেন্দ্র এবং ক্যাম্প সবই পুরাতন ভাগীরথ পাড়া এলাকায় অবস্থিত।

*****